**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 19-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly Session:**

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন আজ সকাল ১১ টা থেকে শুরু হচ্ছে। অধিবেশন বসবে দুইদিন, আজ ও ২৩শে সেপ্টেম্বর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২২শে সেপ্টেম্বর রাজ্য সফরে আসছেন। তাই ঐদিন বিধানসভার অধিবেশন বসবে না বলে ইতিপূর্বেই পরিষদীয় মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন। অধিবেশনের প্রথম দিনে চারটি বিল উত্থাপন করা হবে। বিলগুলি হল, ত্রিপুরা স্টেট গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (সংশোধনী) বিল, ত্রিপুরা জন বিশ্বাস (সংশোধনী) বিল, ফ্যাক্টরিজ বিল এবং ত্রিপুরা শপস অ্যান্ড এস্টাব্লিশমেন্টস (সংশোধনী) বিল। এছাড়া অধিবেশনে তিনটি বেসরকারি প্রস্তাব উত্থাপনের কথা রয়েছে। উল্লেখ্য, অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অসুস্থ থাকায় এবারের অধিবেশন পরিচালনা করবেন উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল।

*****************************

**CM-visit in Palatana:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল পালাটানা OTPC হেলিপ্যাড পরিদর্শন করেন। উল্লেখ্য, আগামী ২২শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রসাদ প্রকল্পে ত্রিপুরাসুন্দরী মন্দিরের নবরূপে সজ্জিত পরিকাঠামোর উদ্বোধন করতে পালাটানা হেলিপ্যাড হয়ে মাতাবাড়ি যাবেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন মন্ত্রী প্রণজিৎ সিংহরায়, কিশোর বর্মন, সাংসদ রাজীব ভট্টাচার্য সহ অন্য গুরুত্বপূর্ণ জনপ্রতিনিধিরা। তাঁরা যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন। মুখ্যমন্ত্রী একইসঙ্গে ত্রিপুরাসুন্দরী মন্দির পরিসরও পরিদর্শন করেন ।

*****************************

**GST REFORMS -SITARAMAN KOLKATA:**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সিতারামন পণ্য ও পরিষেবা করের সংস্কার সম্পর্কে গতকাল কলকাতায় বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, আট বছর আগে চালু হওয়া পণ্য ও পরিষেবা করের কাঠামো পুনর্গঠনের আগে প্রতিটি দিক পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়েছে এবং রাজ্যগুলির মতামত বিবেচনা করা হয়েছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী আরও বলেন, কেবল করের হার হ্রাস করা হয়নি, বরং আয়কর আইনকেও আরও প্রাসঙ্গিক করা হয়েছে। মাত্র আট মাসের মধ্যে এই সংস্কার কার্যকর করা হয়েছে। নতুন পণ্য ও পরিষেবা কর হার সংস্কারে প্রতিটি নাগরিক উপকৃত হবেন বলে আশ্বাস দিয়ে তিনি আরও বলেন, দুর্গাপূজার ঠিক আগে উৎসবের শুরুতে নতুন করের হার কার্যকর হবে। অনুষ্ঠানে কেন্দ্রীয় শিক্ষা এবং ডোনার প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিশিষ্ট অর্থনীতিবিদ ও বিধায়ক অশোক লাহিড়ী প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**Bikash Debbarma:**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, শিক্ষা ছাড়া সমাজের উন্নয়ন সম্ভব নয়। সেইদিক লক্ষ্য রেখে বর্তমান সরকার শিক্ষার বিকাশে কাজ করছে। রাজ্য সরকার এডিসি এলাকায় জনজাতিদের শিক্ষার উন্নয়নে পরিকাঠামো উন্নয়নের কাজ করছে। এরফলে জনজাতি গোষ্ঠীর মানুষ উপকৃত হচ্ছেন। গতকাল করবুকে একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের পঠন-পাঠন শুরু উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, জনগণকে শান্তি-সম্প্রীতি বজায় রেখে চলতে হবে এবং এর মাধ্যমেই বিকশিত ত্রিপুরা, বিকশিত ভারত গঠিত হবে। তিনি সকল জাতি গোষ্ঠীর জনগণকে একতাবদ্ধ থাকার আহ্বান জানান।

*****************************

**Finance Ministry release:**

কেন্দ্রীয় অর্থমন্ত্রক গতকাল যোগ্য কেন্দ্রীয় সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্তদের ৩০ সেপ্টেম্বরকে জাতীয় অবসরভাতা পদ্ধতি, NPS থেকে সংযুক্ত অবসরভাতা প্রকল্প, UPS এ অবস্থান পরিবর্তনের শেষ দিন হিসেবে ঘোষণা করেছে। এক বিবৃতিতে মন্ত্রক জানিয়েছে, UPS এর অধীনে যোগ্য কর্মচারীরা কেবল একবারই NPS এ অবস্থান পরিবর্তিত করতে পারবেন। এতে আরও বলা হয়েছে যে এই পরিবর্তনটি অবশ্যই অবসর গ্রহণের কমপক্ষে এক বছর আগে অথবা স্বেচ্ছায় অবসর গ্রহণের তিন মাস আগে কাজে লাগাতে হবে। এই পদক্ষেপের লক্ষ্য হল কর্মীদের অবসর-পরবর্তী আর্থিক সুরক্ষা পরিকল্পনার জন্য একটি বিকল্পের সুযোগ দেওয়া। আর্থিক পরিষেবা বিভাগ যোগ্য কর্মীদের শেষ মুহূর্তের সমস্যা এড়াতে এবং তাদের অনুরোধগুলি মসৃণভাবে কার্যকরকরণ নিশ্চিত করতে দ্রুত সক্রিয় হওয়ার জন্য আহ্বান জানিয়েছে।

****************************

**Swacch Bharat Mission-Khowai:**

স্বচ্ছ ভারত মিশন কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল খোয়াই জিলা পরিষদের উদ্যোগে পরিষদ কার্যালয় সংলগ্ন এলাকায় সাফাই অভিযান অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা সিংহ রায় দত্ত, সহকারী সভাধিপতি সত্যেন্দ্র চন্দ্র দাস প্রমুখ।

****************************

**UNESCO INDIAN WHS 69:**

ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্য ঠিকানার অস্থায়ী তালিকায় সারা দেশে সাতটি নতুন প্রাকৃতিক ঐতিহ্য ঠিকানা অন্তর্ভুক্ত করা হয়েছে, যার ফলে অস্থায়ী তালিকায় ভারতের সংখ্যা ৬২ থেকে বেড়ে ৬৯ হয়েছে। কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রক জানিয়েছে, এই অন্তর্ভুক্তির সাথে সাথে, ভারতে এখন ৪৯টি সাংস্কৃতিক, ১৭টি প্রাকৃতিক এবং ৩টি মিশ্র ঐতিহ্য ঠিকানা আছে। নতুন যুক্ত স্থানগুলির মধ্যে রয়েছে মহারাষ্ট্রের পাঁচগনি এবং মহাবালেশ্বরের ডেকান ট্র্যাপস, কর্ণাটকের সেন্ট মেরি'স আইল্যান্ড ক্লাস্টারের ভূতাত্ত্বিক ঐতিহ্য, মেঘালয়ের এইজ কেভস, নাগা পাহাড়ের ওফিওলাইট, অন্ধ্রপ্রদেশের ইরা মাট্টি দিব্বালু, তিরুমালা পাহাড় এবং কেরালার ভারকালা পাহাড়।

****************************

**Hilsa fish import :**

দুর্গাপূজার আগে রাজ্যে ভাল পরিমানে ইলিশ মাছ আসছে। গতকাল বাংলাদেশ থেকে দেড় মেট্রিক টন ইলিশ এসেছে আখাউড়া সীমান্ত দিয়ে। ভারত বাংলাদেশ চেম্বার অব কমার্সের ত্রিপুরা শাখার সম্পাদক সুজিত রায় জানান, পূজার আগে রাজ্যে ১২০০ মেট্রিক টন ইলিশ মাছ আসবে। রাজ্য হয়ে ইলিশ উত্তর-পূর্ব ভারতের অন্য রাজ্যগুলিতে নেওয়ারও কথা রয়েছে।

****************************

**Weather:**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সারা রাজ্যে বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************

****************************